

সেতারা চরিত

কেও যদি এক ই সাথে সমাজতন্ত্র এবং ইসলামের বিশ্বাস করে (যাদের সংখ্যাটা নেহাত কম নয়), তাহলে দুটো ব্যাপার জলের মতন পরিষ্কার। এক, তার সমাজতন্ত্র নিয়ে সম্যক জ্ঞান নেই। এবং দর্শন শাস্ত্রের প্রাথমিক জ্ঞানটুকুও নেই।

অবাক ব্যাপার হচ্ছে, এখান ওখান থেকে টুকে ভদ্রলোক ভাববাদ, বস্তুবাদ নিয়ে লিখছিলেন, আর লোককে অজ্ঞ, গাধা ছাগল বলে গালাগাল দিচ্ছিলেন। যদিও তার লেখার মধ্যে কিছুই থাকে না। থাকে চটি বই মার্কা কিছু ইসলামিক সমাজতন্ত্রী গোছের ডায়ালোগ। মার্কেটের রচনাবলী পড়ার মতন জ্ঞান তার নেই। যে যা খুশী উনি লিখতেই পারেন। সে স্বাধীনতা তো আছেই। কিন্তু সমস্যা হচ্ছে বিরোধী মত খন্ডন করতে না পারলে, উনি তারস্বরে রাস্তার বখাটে ছেলেদের মতন খেওর আউরানো শুরু করেন।

প্রথমে তার তত্ত্ব ছিল, তিনি আমজনতার সাথে, আমরা পুঁজিবাদের দালাল। সেটার হাতে হাঁড়ি ভেঙে দিলাম-কারণ যে বাংলাদেশ ত্যাগ করে আমেরিকায় আসে ডলার কামানোর জন্য, তার মুখে এই ধরনের বক্তব্য কেওই বিশ্বাস করবে না। নিজে পুঁজিবাদের মাধ্যমের ভবিষ্যত গোছাবো, আর মুখে আমজনতার গল্প বলবো, ব্যাপারটা হাস্যকর হয়ে যাচ্ছিল। ব্যাপারটা ভদ্রলোক বুঝতে পেরে, বিষয়টাকে বাংলাদেশ-ভারত বিভাজনে নিয়ে যাচ্ছিলেন। আমাকে এবং মেহলকে ভারতীয় কুকুর বলে গালাগাল দিলেন। সেটা আবার সদালাপ ছাপিয়েও দিল-রাইট টু ডিফেন্ড নামে। অন্যকে ভারতীয় কুকুর বলে ভদ্রলোক, বাংলাদেশের ই অপমান করলেন। যদিও এটা জাতিয়তাবাদি রাজনৈতিক দর্শন, যা মার্ক্সবাদ বা ইসলাম বিরোধী। সুবিধাবাদি হলে, আর দর্শন শাস্ত্র না জানলে, সাইড চেঞ্জ করতে আর কতক্ষন লাগে? আমি বাংলাদেশ এবং বাংলাদেশী সম্মুখে কোন অসন্মানজন কথা কোন দিন ই বলি নি। বললাম বাঙ্গালীদের ৯০% ই ভন্ড, উনি সেটা লিখে দিলেন, আমি বাংলাদেশীদের ৯০% কে ভন্ড বলে বাংলাদেশের অপমান করেছি! ইচ্ছাকৃত হাত সাফাই, যাতে বাংলাদেশী জাতিয়তাবাদি লোকের সজ্জ পান।

কিন্তু বাংলাদেশী যুক্তিবাদি লোকেরা ঘুরে দাঁড়ানোই উনি এখন প্রমাদ গুনেছেন। বাস্তব সত্য হচ্ছে, সেতারা হাশেম বাংলাদেশের ভাবমূর্তি যতটা ডুবিয়েছেন, কেও বাংলাদেশীদের গালাগাল করে এতো ডোবাতে পারতো না। মেয়েদের ছদ্মনামে লিখে, ইসলামিক সম্ভ্রাসবাদ সমর্থনে ভদ্রলোক লিখে চলেছেন। এক সময় লাদেনকে তুলনা করলেন স্কুদিরামের সাথে। পাছে এফ বি আই পেছনে লাগে এবং আমেরিকার নাগরিকত্ব খোয়াতে হয়, তাই সেতারা ছদ্মনাম নিয়ে লিখছেন। যদিও সেতারা পুং এবং স্ত্রী লিঙ্গ উভয় ই হতে পারে, তাই, মেয়েদের ছদ্মনামে লিখছেন সেই অপবাদ আমি দিতাম না। কিন্তু অনেক স্থলে উনি নিজেকে নারী বলে দাবী করেছেন, তাই এই ব্যাপারটা ক্ষমা করা গেলো না।

যাইহোক এই ধরনের লোকের পেছনে লেখা মানে সময় নস্ট। অতো সময় আমার
নেই।